দৈনিক
ইত্তেফাক

তারিখ 08 FEB 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২

# মধুখালীতে অধ্যক্ষের বিরুদ্ধে গাছ কাটার অভিযোগ

■ মধুখালী (ফরিদপুর) সংবাদদাতা

সরকারি অনুমোদন ছাড়াই উপজেলার কামারখালীর সরকারি বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ
কলেজ ক্যাম্পাস ও বাইরের ছাত্রাবাস এলাকার পুরাতন প্রায় অর্ধশতাধিক মেহগনি
গাছ কর্তন এবং কৃষি অধিদপ্তরের মালিকানাধীন একটি পুরাতন বিল্ডিং মন্ত্রণালয়ের
অনুমোদন ছাড়াই ভাঙার অভিযোগ উঠেছে অধ্যক্ষ এমডি মাহাবুব আলমের বিরুদ্ধে।
গাছগুলো বেঞ্চ তৈরির অজুহাতে কর্তন করা হয়েছে বলে অনেক শিক্ষক ও শিক্ষার্থী
অভিযোগ করে বলেন, কলেজ ক্যাম্পাস ও ছাত্রাবাসের পুরাতন ও নতুন ৪৭টি বড় ও
মাঝারি গাছ কর্তন করেন অধ্যক্ষ স্যার। তাতে চেরাইকৃত কাঠের পরিমাণ এক হাজার
সিএফটি হবে। কলেজে বেঞ্চ সংকট দেখিয়ে এক সময় তিনি কলেজের জন্য ১১০
জোড়া বেঞ্চ তৈরির কাজ শুরু করেন।

কামারখালী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. লুৎফর রহমান ও আড়পাড়া
ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বদরুজ্জামান বাবু গত ২ ফেব্রুয়ারি উপজেলা আইন
শৃঙ্খলা কমিটির সভায় নিয়ম বহির্ভূতভাবে গাছ কর্তনের বিষয়ে অধ্যক্ষের বিরুদ্ধে
অভিযোগ তোলেন। সরেজমিনে কলেজ ক্যাম্পাসে গিয়ে দেখা যায়, ক্যাম্পাসে বেঞ্চ
তৈরির কাজ চলছে। কলেজ অধ্যক্ষ এমডি মাহবুব আলম জানান, গত ডিসেম্বর মাসে
একাডেমিক কমিটির সভায় গাছ কাটার অনুমোদন নেয়া হয়। তিনি বলেন, কলেজের
উন্নয়ন করতে হলে গাছ কাটতে হবে এবং ক্যাম্পাসের মাঝের পুরাতন বিল্ডিং ভাঙতে
হবে। আন্তঃমন্ত্রণালয় থেকে অনুমোদন নিতে গেলে দেরি হবে বিধায় আমার নিজ
দায়িত্বে গাছগুলো কেটেছি ও বিল্ডিং ভাঙা শুরু করেছি।